

সংখ্যা : ১৫.৫৫.০০০০.৩০৪.২৫.২৪৬.২৩. ২৬৪

তারিখ : ১৪ আগস্ট ২০২৩ খ্রি.


প্রেস রিলিজ

জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট আয়োজিত “myGov Implementation: Service Validation” শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা ১৪ আগস্ট ২০২৩ খ্রি. সোমবার ইনস্টিটিউটের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। কর্মশালায় সভাপতিত্ব করেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের মহাপরিচালক ফায়জুল হক। প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন মুহাম্মদ শামীম কিবরিয়া, সিনিয়র সহকারী সচিব, এটুআই, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং শরীফ মোহাম্মদ রেজাউল করিম, ক্যাপাসিটি ডেভেলপমেন্ট এক্সপার্ট, এটুআই, আইসিটি ডিভিশন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন পরিচালক (প্রশিক্ষণ প্রকৌশল) মো. নজরুল ইসলাম।

প্রধান আলোচক তাঁর বক্তৃতায় “myGov Implementation: Service Validation” সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। কর্মশালায় জানানো হয়, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের প্রদত্ত সার্ভিসসমূহ ডিজিটাইজড হয়ে গেছে।

কর্মশালায় মহাপরিচালক ফায়জুল হক সেবা প্রত্যাশীদের জন্য ৪টি সেবা অনলাইনে লাইভ করার পূর্বে এটুআই টিমের মাধ্যমে দিনব্যাপী ভ্যালিডেশন সেশনে নিষ্পত্তি করার ওপর গুরুত্বারোপ করেন।

অন্যান্যের মধ্যে আলোচনা করেন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) এ. কে. এম আজিজুল হক, পরিচালক (প্রশিক্ষণ অনুষ্ঠান) ড. মো. মারুফ নাওয়াজ, কর্মশালার পরিচালক মো. আবুজার গাফফারী, সমন্বয়ক এস. এম. রাফিউল আবেদীন এবং প্রদীপ কুমার ঢালী। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তরের ৫০ জন প্রশিক্ষণার্থী কর্মশালায় অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারীগণ বিষয়ভিত্তিক আলোচনা ও মতামত প্রদানের মাধ্যমে কর্মশালাটি প্রাণবন্ত করে তুলেন।


আবদুল হান্নান

গণসংযোগ কর্মকর্তা

ফোন : ৫৫০৭৯৩৮-৪২

বিতরণ: সদয় কার্যার্থে

- ১। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, ঢাকা।
- ২। মুখ্য বার্তা সম্পাদক / চিফ রিপোর্টার, বাংলাদেশ টেলিভিশন / বাংলাদেশ বেতার / বাংলাদেশ সংবাদ সংস্থা / এটিএন বাংলা / চ্যানেল আই / একুশেটিভি / এনটিভি / সময় টিভি/দৈনিক ইত্তেফাক / দৈনিক জনকণ্ঠ / দৈনিক প্রথম আলো / দৈনিক যুগান্তর / বাংলাদেশ প্রতিদিন / দৈনিক ভোরের পাতা / দৈনিক সকালের খবর/দৈনিক ভোরের কাগজ / কমিউনিটি রেডিও/অন্যান্য প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়াসমূহ।
- ৩। প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। কার্যালয় নথি।